উত্তর দিনাজপুর জেলা পরিষদ
কর্ণজোড়া : রায়গঞ্জ

স্মারক সংখ্যা : ৮৪৭/উ.দি.জে.প./রিসোঃ মোবিঃ/XV/ল্যান্ড অ্যাট দুর্গাপুর/২০০৯/০০১ দিনাঙ্ক : ২৫/ ০২/২০২৯

# বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, উত্তর দিনাজপুর জেলার ইটাহার থানার অর্ন্তগত দুর্গাপুর মৌজায় (জে.এল. নং ২৪) উত্তর দিনাজপুর জেলা পরিষদের অধীনস্ত জমিটিতে নিম্নবর্নিত তপশীলের আওতায় অবস্থিত সম্পত্তির ইজারা বিলির জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।

আগ্রহী ব্যক্তিবর্গ দরপত্র গ্রহনে অংশ নিতে নিজ নিজ আবেদনপত্র সাদা কাগজে অথবা নিজস্ব প্যাডে লিখে জেলা পরিষদের নির্ধারিত বাক্সে জমা দিতে পারবেন। স্থানীয় ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে। সেক্ষেত্রে তাঁর পরিচয়পত্র যেমন ভোটার পরিচয়পত্র/আধার কার্ড/রেশন কার্ড ইত্যাদি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

প্রকাশ থাকে যে, নিম্নলিখিত পরিমাণ অর্থ অগ্রিম আমানত হিসাবে যারা আবেদনপত্রের সঙ্গে জমা করবেন কেবল মাত্র তারাই **ওপেন বিড-এ** অংশ নিতে পারবেন। বায়নার টাকা নগদে জমা করতে পারবেন।

| | | |
|---|---|---|
| **(ক)** পুকুর (৫২ decml) | : | দুর্গাপুর মৌজা (জে.এল. নং ২৪), ভুপালপুর, ইটাহার। |
| আমানত বাবদ অগ্রিম জমা | : | **টা. ১০,০০০.০০** (দশ হাজার টাকা) মাত্র। |
| ন্যূনতম দর | : | **টা. ৫০,০০০.০০** (পঞ্চাশ হাজার টাকা) মাত্র। |
| **(খ)** ঘর/গুদামঘর | : | দুর্গাপুর মৌজা (জে.এল. নং ২৪), ভুপালপুর, ইটাহার। (দাগ নং ১০১ এর ৪৩০বঃ ফুট **এবং** ৯৮ এর ২৫০০ বঃ ফুট) |
| আমানত বাবদ অগ্রিম জমা | : | **টা. ১০,০০০.০০** (দশ হাজার টাকা) মাত্র। |
| ন্যূনতম দর | : | **টা. ৪৯,৮০০.০০** (উনপঞ্চাশ হাজার আটশত টাকা) মাত্র। **এবং** টা. **৩৫,০০০** (পঁয়ত্রিশ হাজার টাকা) মাত্র টা. **১,৫০,০০০.০০** (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র। |
| **(গ)** ঘর/গুদামঘর | : | দুর্গাপুর মৌজা (জে.এল. নং ২৪), ভুপালপুর, ইটাহার। (দাগ নং ১০১ এর ৩৬০ বঃ ফুট **এবং** ৯৮ এর ৩৬০০ বঃ ফুট) |
| আমানত বাবদ অগ্রিম জমা | : | **টা. ৫,০০০.০০** (পাঁচ হাজার টাকা) মাত্র। |
| ন্যূনতম দর | : | **টা. ২১,৬০০.০০** (একুশ হাজার ছয় শত টাকা) মাত্র। **এবং** **টা. ৫০,০০০.০০** (পঞ্চাশ হাজার টাকা) মাত্র **টা. ২,১৬,০০০.০০** (দুই লক্ষ ষোলো হাজার টাকা) মাত্র। |

২য় পৃষ্ঠা দ্রষ্টব্য

আবেদনপত্র জমা দেওয়ার তারিখ/ সময়: ১৫/০২/২০২১ থেকে ০৫/০৩/২০২১ বেলা ১১:০০ থেকে ২.০০ ঘটিকা পর্যন্ত। (ছুটির দিন বাদে)

আবেদনপত্র খোলার তারিখ/সময়/স্থান : ০৫/০৩/২০২১ বেলা ২:০০ ঘটিকা, সচিব, উ.দি.জে.প-এর কক্ষ।

**বিভিন্ন শর্তাবলী নিম্নে দেওয়া হ'ল :**

১। উত্তর দিনাজপুর জেলা পরিষদের এই সম্পত্তিগুলি এককালীন জমাকৃত অর্থের বিনিময়ে ইজারা প্রদান করা হবে।

২। জেলা পরিষদের এই সম্পত্তি গুলিতে **০১ লা এপ্রিল, ২০২১ থেকে ৩১-শে মার্চ,** ২০২৪ পর্যন্ত ইজারা বন্দোবস্ত দেওয়া হবে। উক্ত সম্পত্তি গুলির জন্য সর্ব্বোচ্চ দর ঐ সময়ের জন্য বলবৎ থাকবে।

৩। একজন আবেদনকারী কেবল একটিমাত্র সম্পত্তিটির জন্য আবেদন করতে পারবেন।

৪। প্রথম সর্ব্বোচ্চ দরদাতাকে **১৫/০৩/২০২১** তারিখের মধ্যে ডাকের অর্থ জেলা পরিষদে জমা করতে হবে। যদি ডাকের সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে ২য় সর্ব্বোচ্চ দরদাতাকে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। অনুরূপ ভাবে দ্বিতীয় সর্ব্বোচ্চ দরদাতাও যদি সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে তৃতীয় সর্ব্বোচ্চ দরদাতাকে সুযোগ দেওয়া হবে এবং এই প্রক্রিয়া চলতে থাকবে। তবে যদি পাশাপাশি দরদাতার মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে বা ১ম, ২য় এবং ৩য় সর্ব্বোচ্চ দরদাতা সম্পূর্ণ দরের অর্থ মিটিয়ে দিতে অপারগ হন, তবে সে ক্ষেত্রে জেলাপরিষদ কর্তৃপক্ষ ডাক-প্রক্রিয়াটি বাতিল বলে ঘোষণা করতে পারবেন। সর্ব্বোচ্চ দরদাতা সম্পূর্ণ অর্থ জমা না দিলে **আমানত বাবদ অগ্রিম জমার** টাকা বাজেয়াপ্ত করা হবে এবং ২য় ও ৩য় ডাককারীকে অনুরূপ সুযোগ দেওয়া হবে। **আমানত বাবদ অগ্রিম জমার টাকা** বাজেয়াপ্তের ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হবে।

৫। কোন কারণ না দেখিয়ে দর গ্রহন বা বাতিল করার ক্ষমতা কতৃপক্ষের থাকবে এবং সে ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

৬। যে সব দরদাতা সম্পত্তিটি দখলের সুযোগ পাওয়ার পর নিতে অস্বীকার করবেন তাদের আমানত বাবদ অগ্রিম জমার টাকা বাজেয়াপ্ত করা হবে। কোন প্রকার প্রতারণার জন্য ভারতীয় দণ্ডবিধি অনুসারে দণ্ডনীয় হবেন এবং সম্পত্তিটি নিলাম হলে তাতে জেলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তিনি দায়ী থাকবেন।

৭। যদি কোন দরদাতা নিজ নাম গোপন করে কাল্পনিক নামে আবেদন করেন অথবা নোটিশের বা এগ্রিমেন্টের শর্ত অথবা জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিত করার চেষ্টা করেছেন বলে প্রমানিত হয় তবে তিনি আইন অনুসারে দণ্ডনীয় হবেন।

৮। যিনি/ যারা ইজারাদার নিযুক্ত হবেন তিনি/ তারা ইজার পাবার **০৭ (সাত) দিনের মধ্যে** টাঃ ২০.০০ (কুড়ি টাকা) মাত্র এর Non-juditial Stamp-এ জেলা পরিষদের নির্দিষ্ট চুক্তিপত্রে চুক্তি সম্পাদন করবেন অন্যথায় সম্পত্তিটির দখলি পরোয়ানা দেওয়া যাবে না এবং যিনি এই পরোয়ানা না নিয়ে দখল করবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দণ্ডনীয় হবেন।

৯। পূর্বতন ইজারাদারের টাকা বাকি থাকলে তিনি দরপত্রে অংশ নিতে পারবেন না। এক্ষেত্রে বকেয়া মিটিয়ে অংশ নিতে পারবেন।

১০। সম্পত্তিটির ঐ সময়ের জন্য নৈমিত্তিক ব্যয়ভার যেমন জল ব্যবস্থা, বিদ্যুৎ খরচ, অস্থায়ী সংস্কার, পরিস্কার-পরিচ্ছন্নতা ব্যয় ইত্যাদি ইজারা প্রাপককে বহন করতে হবে এবং সম্পত্তিটি যে উদ্দেশ্যের জন্য আবেদন করবেন, ইজারা প্রাপক সেই উদ্দেশ্যেই ব্যবহার করবেন।

সচিব
উত্তর দিনাজপুর জেলা পরিষদ

৩য় পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক সংখ্যা : ৮৪৭(১৭) /উ.দি.জে.প./রিসোঃ মোবিঃ/XV/ল্যান্ড অ্যাট দুর্গাপুর/২০০৯/০০১ দিনাঙ্ক : ২৫/০২/২০২১

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল -

১। সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
২। নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৩। পুলিশ সুপার, উত্তর দিনাজপুর।
৪। সহকারী সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৫। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৬। জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, উত্তর দিনাজপুর ।
৭। মহকুমা শাসক, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর ।
৮। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, উত্তর দিনাজপুর ।
৯। বিত্ত নিয়ামক ও মূখ্যগনন আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১০। কর্মাধ্যক্ষ, পূর্ত-কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১১। কর্মাধ্যক্ষ, বন-ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১২। মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর ।
১৩। নির্বাহী আধিকারিক, ইটাহার পঞ্চায়েত সমিতি, উত্তর দিনাজপুর । আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৪। প্রধান, দুর্গাপুর গ্রাম পঞ্চায়েত, ইটাহার, উত্তর দিনাজপুর । আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৫। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর দিনাজপুর।
১৬। নোটিশ বোর্ড, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১৭। ডি. আই. এ., উত্তর দিনাজপুর জেলা পরিষদ। আপনাকে জেলা পরিষদের ওয়েব সাইটে বিষয়টি সম্প্রচার করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সচিব
উত্তর দিনাজপুর জেলা পরিষদ